

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.২০২.১৯.০০১.১৫- ১৩২

তারিখ: ০৮ এপ্রিল ২০১৫

বিষয়: Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ১৬ তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।

Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ১৬তম ব্যাচের প্রশিক্ষণ ০৫-১৭ মে ২০১৫ মেয়াদে NIGG, LBSNAA, India তে অনুষ্ঠিত হবে।

২। উক্ত ব্যাচের প্রশিক্ষণে নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক কর্মকর্তার মনোনয়ন প্রস্তাব আগামী ১৩/০৪/২০১৫ তারিখের মধ্যে সংযুক্ত ছকে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

বিভাগের নাম	কর্মকর্তার ধরণ	সংখ্যা
ঢাকা	উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের	১২
চট্টগ্রাম	সচিব/পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/	১১
রাজশাহী	অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার	৫
খুলনা		৫
বরিশাল		৪
সিলেট		৩
রংপুর		৪

৩। মনোনয়নের ক্ষেত্রে ইতোপূর্বে এ মন্ত্রণালয়ের ০২/১১/২০১৪ তারিখের নং-০৫.০০.০০০০.২০২.১৯.০০২.১৪- ৩৮২ পত্রের প্রেক্ষিতে ১৬তম ব্যাচের জন্য মনোনীত আপনার বিভাগে কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৪। মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ সম্পন্ন অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে।

৫। ইতঃপূর্বে যারা এ কোর্সে অংশগ্রহণ করেননি কেবল তাঁদের মনোনয়ন দেয়া যাবে।

৬। নতুনভাবে মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে পূরণকৃত ৩ সেট রেজিস্ট্রেশন ফরম আগামী ১৩/০৪/২০১৫ তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ভবন নং-১, কক্ষ নং-১১৪) অবশ্যই পৌঁছাতে হবে। এ বিষয়ে মনোনীত কর্মকর্তাবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। প্রতি সেট রেজিস্ট্রেশন ফরমের সাথে সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পাসপোর্টের ফটোকপি এবং ১ কপি সর্বশেষ অর্জিত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৮। রেজিস্ট্রেশন ফরম ও ফরম পূরণের গাইড লাইন জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে (Training → Foreign Training) ডাউনলোড করা যাবে। ফরমের ৬নং কলাম ব্যতীত সকল কলাম অবশ্যই পূরণ করতে হবে। ফরম কম্পিউটার কম্পোজকৃত হতে হবে।

৯। মনোনীত কর্মকর্তাবৃন্দের রেজিস্ট্রেশন ফরম প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে।

১০। কর্মকর্তাদের মনোনয়ন প্রস্তাব sasft.mopa@gmail.com ইমেইলে প্রেরণ করতে হবে।

সংযুক্ত: নির্ধারিত ছক ১ ফর্দ।

কমিশনার

ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল বিভাগ।

অনুলিপি:

০১। জেলা প্রশাসক,.....(সকল)।


০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

০৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

০৫। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

০৬। যুগ্মসচিব (প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।


(ড. আবদুল হামিদ)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৪৪২৬

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh
Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ১৬তম ব্যাচে -----বিভাগ হতে মনোনীত কর্মকর্তার
তালিকা

ক্রমিক নং	মনোনীত কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবী, বর্তমান কর্মস্থল ও ব্যাচ নং	জন্ম তারিখ ও বয়স (১ মে ২০১৫)	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস	অফিসিয়াল পাসপোর্ট নম্বর, ইস্যু ও মেয়াদ উত্তীর্ণের তারিখ, ইস্যুর স্থান
১	২	৩	৪	৫	৬	৭

বি:দ্র: অফিসিয়াল পাসপোর্ট না থাকলে কিংবা পাসপোর্টের মেয়াদ না থাকলে তাঁদেরকে মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই।

